আইসিটি শাখা
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
১৮/০১/২৬
৩৪২
এআইজি (আইসিটি)
অতিঃ ডিআইজি (আইসিটি)
এএসপি (আইসিটি)

**একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত হবে**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
ইউএন অপারেশন্স শাখা
www.police.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
**দেশের চাবি আপনার হাতে**

স্মারক নং- ৪৪.০১.০০০০.০৩৯.১১.০০২.২৬- ৬০

তারিখঃ- ০১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয় : Gang Suppression Force (GSF), Haiti তে GSF FPU প্রেরণের জন্য প্রাথমিক সদস্য মনোনয়ন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে US Embassy, Dhaka হতে প্রেরিত পত্রে GSF এর SUR (Statement of Unit Requirement) এ উল্লেখিত প্রয়োজনীয় পুলিশিং কার্যক্রম অর্থাৎ সংঘবদ্ধ গ্যাং বিরোধী অভিযান ও গোয়েন্দা তৎপরতা, অবৈধ অস্ত্র ও মাদক পাচার রোধ, গুরুত্বপূর্ণ বন্দর ও স্থাপনাসমূহে নিরাপত্তা জোরদার, ভিআইপি প্রটেকশন, বেসামরিক জনগণের সুরক্ষাসহ তদন্ত কার্যক্রম, ফরেনসিক বা SWAT এর মতো অন্যান্য বিশেষায়িত পুলিশিং কার্যক্রমে প্রশিক্ষিত ও দক্ষতা সম্পন্ন জনবল সম্বলিত FPU মোতায়েনের বিষয়ে উল্লেখ রয়েছে। GSF এর SUR এর পরিপ্রেক্ষিতে Haiti তে মোতায়েনের নিমিত্ত GSF FPU তে কমান্ড স্টাফ, বিশেষায়িত টিম, ট্রেডসহ কন্টিনজেন্ট প্রেরণের জন্য বাংলাদেশ পুলিশের সকল জেলা/ইউনিটে অতিরিক্ত পুলিশ সুপার হতে কনস্টেবল পদমর্যাদার পুলিশ সদস্যদের-কে অবহিত করতঃ বয়সে তরুণ, দক্ষ ও কর্মোদ্যমী, সাহসী, চৌকস এবং প্রতিকূল ও সংঘাতপূর্ণ পরিস্থিতিতে দায়িত্ব পালনে সক্ষম আগ্রহী পুলিশ সদস্যগণের আবেদন/মনোনয়ন (কমান্ড স্টাফ ও বিশেষায়িত টিমের সদস্যদের ক্ষেত্রে আবেদন এবং সাধারণ ও ট্রেড কোটার ক্ষেত্রে মনোনয়ন) নিম্নবর্ণিত 'নির্দেশনাবলি' ও 'ছক' মোতাবেক **আগামী ৩১/০১/২০২৬ পুন: ৩১/০১/২০২৬ তারিখের** মধ্যে প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

১। **কমান্ড স্টাফ সদস্যগণের আবেদন:** বাংলাদেশ পুলিশের সকল জেলা/ইউনিটে এসআই/টিএসআই, সার্জেন্ট, ইন্সপেক্টর, সহকারী পুলিশ সুপার, অতিরিক্ত পুলিশ সুপার এবং পুলিশ সুপার পদমর্যাদার কর্মকর্তাদের অবহিত করতঃ আগ্রহী পুলিশ কর্মকর্তাদের মনোনয়ন **'জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPUসদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১'-এ বর্ণিত নীতিমালা ও নিম্নোক্ত বিশেষ নির্দেশনাবলি অনুসরণ** পূর্বক প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

**বিশেষ নির্দেশনাবলি:**

(১) SWAT/Crisis Response Team(CRT)/ Close Quarter Battle (CQB)/ High Risk Training/ Bomb Disposal/Post Blast Investigation বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাগণ অগ্রাধিকার পাবেন (সংশ্লিষ্ট প্রশিক্ষণের সার্টিফিকেট এবং অভিজ্ঞতার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে);

(২) SUR এ উল্লিখিত নিম্নোক্ত বিশেষায়িত ক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণপ্রাপ্ত ও বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তাগণ অগ্রাধিকার পাবেন- ক) BOMB DISPOSAL/POST BLAST INVESTIGATION UNIT খ) FORENSIC গ) ORGANIZED CIRME ঘ) CYBER CRIME ঙ) IMMIGARTION POLICE চ) SECURITY AND PROTECTION ছ) SPECIAL SECURITY FORCE জ) INTELLIGENCE BRANCH ঝ) WOMEN & CHILDREN VICTIM SUPPORT CENTRE ঞ) DETECTIVE BRANCH ট) SPECIAL BRANCH ঠ) RIVER POLICE ড) COMMUNITY POLICING ঢ) ROHINGYA CAMP.

(৩) French এবং English Language-এ দক্ষতা সম্পন্ন কর্মকর্তাগণ অগ্রাধিকার পাবেন;
ইতোপূর্বে হাইতিতে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে FPU ও IPO কাজের অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার পাবেন।

২। **বিশেষায়িত টিমের সদস্যগণের আবেদন:** বাংলাদেশ পুলিশের সকল জেলা/ইউনিটে অতিরিক্ত পুলিশ সুপার হতে কনস্টেবল পদমর্যাদার পুলিশ সদস্যদের-কে অবহিত করতঃ নিম্নোক্ত বিশেষায়িত টিমে কাজ করতে আগ্রহী পুলিশ সদস্যদের মনোনয়ন প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

(১) **SWAT:** Crisis Response Team(CRT)/ Close Quarter Battle (CQB)/High Risk Training/ Bomb Disposal/Post Blast Investigation বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত ও কাজের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। SWAT সদস্যদের Sniper চালনায় দক্ষতা ও CRT/CQB Assaulter হিসেবে দায়িত্ব পালনে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

(২) **Forensic Expert:** Digital/ Chemical/ Biometric/ Ballastics/ Cyber/ Cime Scene Management হিসেবে প্রশিক্ষণপ্রাপ্ত ও কাজের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

(৩) **Organized Crime and Cyber Crime:** Investigator/Investigation Trainer হিসেবে প্রশিক্ষণপ্রাপ্ত ও কাজের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

(৪) Intelligence Led Policing/ Passport Managment & Imigartion Policing/ Riverine Policing/ Community Poicing/ Security and Protection/ Safety Management/ Public Order Management বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত ও কাজের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

ইতোপূর্বে হাইতিতে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে FPU ও IPO কাজের অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার পাবেন। বিশেষায়িত টিমের সকল সদস্যকে সংশ্লিষ্ট প্রশিক্ষণের সার্টিফিকেট এবং অভিজ্ঞতার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৩। **সাধারণ এবং ট্রেড কোটায় (এএসআই/এটিএসআই ও তদনিম্ন):** সকল রেঞ্জ/ইউনিট হতে সাধারণ এবং ট্রেড কোটায় (এএসআই/এটিএসআই ও তদনিম্ন) নিম্নোক্ত ছক মোতাবেক সংযুক্ত তালিকায় বর্ণিত নির্ধারিত সংখ্যা অনুযায়ী **'জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPU সদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১'**-এ বর্ণিত নীতিমালা/পরীক্ষা পদ্ধতি অনুসরণ পূর্বক রেঞ্জ/ইউনিট কর্তৃক সদস্য বাছাইকরতঃ নামের তালিকা (রেঞ্জ ডিআইজি ও ইউনিট প্রধান কর্তৃক) প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

৪। **মেডিক্যেল অফিসার মনোনয়ন:** বাংলাদেশ পুলিশের বিভিন্ন হাসপাতালে ও বিভিন্ন ইউনিটে কর্মরত মেডিকেল অফিসার/চিকিৎসক হিসেবে কর্মরত কর্মকর্তাদের অবহিত করতঃ আগ্রহী কর্মকর্তাদের মনোনয়ন **'জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPU সদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১'**-এ বর্ণিত নীতিমালা/পদ্ধতি অনুসরণ পূর্বক প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সাধারণ নির্দেশনাবলি:

(১) প্রার্থীর বয়স **'জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPU সদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১'**-এ উল্লেখিত বয়সসীমা হতে প্রতি র‍্যাংকে/ক্ষেত্রে ৫ বছর কম হবে, অর্থাৎ অতিরিক্ত পুলিশ সুপার হতে ইন্সপেক্টর পদমর্যাদা পর্যন্ত বয়সসীমা হবে সর্বোচ্চ ৪৮ বছর, এসআই/টিএসআই/সার্জেন্ট ও এএসআই/এটিএসআই এর ক্ষেত্রে সর্বোচ্চ ৪৫ বছর, নায়েক ও কনস্টেবল এর ক্ষেত্রে সর্বোচ্চ ৪০ বছর; সকল ট্রেডভুক্ত সদস্যদের ক্ষেত্রে সর্বোচ্চ ৪৫ বছর এবং ভেহিক্যাল মেকানিক ও অটো ইলেক্ট্রিশিয়ানদেও ক্ষেত্রে বয়সসীমা হবে সর্বোচ্চ ৪৭ বছর।

(২) কোন পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয়/ফৌজদারী সংক্রান্ত মামলা চলমান/তদন্তাধীন/ প্রক্রিয়াধীন থাকলে কিংবা চাকুরী জীবনে কখনো গুরুদণ্ড প্রাপ্ত হলে বা ইন্সপেক্টর ও তদুর্ধ্ব কর্মকর্তাদের মধ্যে বিগত ২ বছরের মধ্যে লঘুদণ্ড প্রাপ্ত হলে বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধে সাজাপ্রাপ্ত হলে এবং কখনো International Human Rights Law/International Humanitarian Law ভঙ্গ করলে বা ভঙ্গের অভিযোগে সাজাপ্রাপ্ত হলে অথবা পূর্ববর্তী মিশনে বিরূপ মন্তব্য প্রাপ্ত হলে মিশনে গমন করতে পারবে না এবং তার নাম প্রেরণ করা যাবে না।

(৩) ইউনিট হতে মনোনীত/আবেদনকারী সদস্যের বিরুদ্ধে কোন বিভাগীয়/ফৌজদারী মামলা চলমান/মুলতবী/প্রক্রিয়াধীন নেই কিংবা চাকুরী জীবনে তিনি কখনো গুরুদণ্ড প্রাপ্ত হননি বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধের দায়ে সাজাপ্রাপ্ত হননি এবং International Human Rights Law অথবা International Humanitarian Law ভঙ্গ করেননি এবং পূর্ববর্তী মিশনে কর্মরত থাকাকালে বিরূপ মন্তব্য পাননি মর্মে ইউনিট প্রধান কর্তৃক পৃথকভাবে প্রত্যেকের প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে।

(৪) মনোনীত কর্মকর্তাগণের নামের তালিকার সফ্ট কপি (MS Excel/SutonnyMJ ফন্ট-এ) সিডি/ই-মেইল মারফত পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

(৫) মনোনীত সদস্যগণের তথ্যসমূহ পৃথক পৃথকভাবে নিম্নোক্ত ছক মোতাবেক প্রেরণ করতে হবে:

"ছক"

| ক্রমিক | বিপি নম্বর | পদবি | নাম | ইউনিট | জন্ম তারিখ | চাকুরিতে যোগদানের | শিক্ষাগত যোগ্যতা | বিশেষায়িত অভিজ্ঞতা/ যোগ্যতা /ট্রেনিং (যদি | বিশেষায়িত ইউনিটে কর্মরত সময়কাল (যদি থাকে) | ভাষা জ্ঞান | মিশন অভিজ্ঞতা। | শাস্তি | | ইতোপূর্বে মিশনে কোন বিরূপ মন্তব্য পেয়েছেন কিনা | জাতীয় বেতন স্কেল গ্রেড নং | সর্বশেষ মিশন | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | দিন.মাস.বছর | দিন.মাস.বছর | | | | | | লঘু | গুরু | | | মিশনের নাম | প্রত্যাবর্তনের তারিখ |
| | | | | | | | | | | | | | | | | | |

(৬) কমান্ড স্টাফ এবং বিশেষায়িত টিমের সদস্য হিসেবে আবেদনকারীদের আবেদনপত্র (প্রশিক্ষণ সার্টিফিকেট ও অভিজ্ঞতার প্রত্যয়নপত্রসহ) পুলিশ হেডকোয়ার্টার্সে প্রেরণ করতে হবে। পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক গঠিত কমিটি তাদের মনোনয়ন নির্ধারণ করবে।

(৭) জাতিসংঘ শান্তিরক্ষা মিশন MONUSCO, D.R. Congo (রোটেশন-১৮) হতে প্রত্যাবাসিত কন্টিনজেন্ট ও Standby FPU কন্টিনজেন্ট এর ক্ষেত্রে যে সকল সদস্যবৃন্দ (সকল র‍্যাংকের জন্য প্রযোজ্য) পত্রে উল্লিখিত বিশেষায়িত টিমে কাজের যোগ্যতাসম্পন্ন, শুধুমাত্র তাঁরাই প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সংক্রান্ত সংশ্লিষ্ট সার্টিফিকেট ও প্রত্যয়নপত্র দাখিলপূর্বক আবেদন করতে পারবেন। এতদব্যতীত, উক্ত দুইটি কন্টিনজেন্টের সাধারণ ও ট্রেড কোটার এএসআই হতে কনস্টেবল পর্যন্ত সদস্যদের মনোনয়ন প্রেরণের প্রয়োজন নেই।

**বিশেষ দ্রষ্টব্য:** প্রতিটি ক্ষেত্রে মনোনয়ন প্রেরণের পূর্বে বাছাই প্রক্রিয়ায় **পত্রে উল্লেখিত নির্দেশনাবলি** ও **'জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPU সদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১'**-এ বর্ণিত নীতিমালা/পরীক্ষা পদ্ধতি কঠোরভাবে প্রতিপালনীয়।

17.01.26

সংযুক্তি: ৪১ পাতা।


(মোঃ আবদুল্লাহ আল-মামুন)
বিপি-৭৬০৫১০৫১১২
অতিরিক্ত ডিআইজি
ফোনঃ ০২২২৩৩৮১৭৩০
ই-মেইল: aigunphq@gmail.com


(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।

২। মহাপরিচালক, র‍্যাব, র‍্যাব ফোর্সেস, হেডকোয়ার্টার্স, ঢাকা।
৩। অতিরিক্ত আইজি, এসবি, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৪। অতিরিক্ত আইজি, সিআইডি, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৫। রেক্টর, পুলিশ স্টাফ কলেজ, মিরপুর-১৪, ঢাকা।
৬। অতিরিক্ত আইজি, রেলওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৭। অতিরিক্ত আইজি, হাইওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৮। অতিরিক্ত আইজি, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৯। অতিরিক্ত আইজি, পুলিশ টেলিকম সংস্থা, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
১০। প্রিন্সিপ্যাল, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী।
১১। অতিরিক্ত আইজি, নৌ পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
১২। অতিরিক্ত আইজি, পিবিআই, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
১৩। অতিরিক্ত আইজি, শিল্পাঞ্চল পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
১৪। অতিরিক্ত আইজি, এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
১৫। অতিরিক্ত আইজি, ট্যুরিস্ট পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
১৬। পরিচালক (ডিআইজি), কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকা।
১৭। ডিআইজি, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ রেঞ্জ/এসপিবিএন/এমআরটি, বাংলাদেশ পুলিশ।
১৮। পুলিশ কমিশনার, সিএমপি/কেএমপি/আরএমপি/এসএমপি/বিএমপি/জিএমপি/আরপিএমপি।
১৯। কমান্ড্যান্ট, পিটিসি টাংগাইল/নোয়াখালী/রংপুর/খুলনা/এপিবিএন এন্ড বিশেষায়িত ট্রেনিং সেন্টার, খাগড়াছড়ি।
২০। কমান্ড্যান্ট, ডিটিএস, সিআইডি, ঢাকা/এসবি ট্রেনিং স্কুল, ঢাকা/টিডিএস, মিলব্যারাক, ঢাকা।
২১। অতিরিক্ত ডিআইজি (হেডকোয়ার্টার্স), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
২২। অধিনায়ক,.................................. এপিবিএন (সকল)...................... ।
২৩। অধিনায়ক, এসপিবিএন-১/এসপিবিএন-২, ঢাকা।
২৪। কমান্ড্যান্ট, আরআরএফ, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/রংপুর।
২৫। পুলিশ সুপার (সকল)..............................(হাইওয়ে, রেলওয়ে, ট্যুরিস্ট পুলিশ ও নৌপুলিশসহ)।
২৬। পরিচালক, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ (সকল)........................................ ।
২৭। কমান্ড্যান্ট, পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি।
২৮। কমান্ড্যান্ট, ইনসার্ভিস ট্রেনিং সেন্টার (সকল).................................... ।

স্মারক নং- ৪৪.০১.০০০০.০৩৯.১৯.০০৫.২৪- ৮০ তারিখ:- ০১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ / ১৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। এআইজি (আইসিটি), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (বার্তাটি সংযুক্ত কাগজপত্রসহ পুলিশ ওয়েবসাইট-এ প্রচার করার জন্য অনুরোধ করা হলো)।

২। এআইজি (মিডিয়া এন্ড পাবলিক রিলেশন্স), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (বার্তাটি বাংলাদেশ পুলিশ এর মিডিয়া হাইলাইটস গ্রুপে প্রচার করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)।

৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা (অপারেশন্স কন্ট্রোল রুম), পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (তাকে পত্রটি সংশ্লিষ্ট ইউনিট/কর্মকর্তার নিকট প্রেরণ নিশ্চিতকরত: ডায়েরীভুক্ত করার জন্য অনুরোধ করা হলো)।

17.01.26

সংযুক্তি: ৫০ পাতা।

(মোঃ আবদুল্লাহ আল-মামুন)
বিপি-৭৬০৫১০৫১১২
অতিরিক্ত ডিআইজি
ফোনঃ ০২২২৩৩৮১৭৩০
ই-মেইল: aigunphq@gmail.com

C:\Users\Dell\Desktop\GSF Circular 2026.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইউনিটের নামঃ..........
ইউনিটের ঠিকানাঃ ........
ওয়েব সাইটঃ................

## প্রত্যয়ন পত্র
## (সাধারণ কোটা)

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, নামঃ.........................., বিপিঃ......................,পদবীঃ, ........................, কোটাঃ সাধারণ, ইউনিটঃ.................. এর বিরুদ্ধে কোন বিভাগীয়/ফৌজদারী সংক্রান্ত মামলা চলমান/তদন্তাধীন/ প্রক্রিয়াধীন নেই, কিংবা চাকুরী জীবনে তিনি কখনো গুরুদণ্ড প্রাপ্ত হননি বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধে সাজাপ্রাপ্ত হননি। ইন্সপেক্টর হতে তদূর্ধ্ব হলে বিগত ২ বছরে লঘুদণ্ড পাননি উল্লেখ থাকতে হবে।

এছাড়া, তিনি কখনো International Human Rights Law/International Humanitarian Law ভঙ্গ করেননি বা ভঙ্গের অভিযোগে সাজাপ্রাপ্ত হননি। ইতোপূর্বে FPU মিশনে গমন করেননি (তবে সাব-ইন্সপেক্টর হতে তদূর্ধ্ব নারী পুলিশ কর্মকর্তা, এএসপি হতে তদূর্ধ্ব কর্মকর্তার ক্ষেত্রে এ বিধান শিথিলযোগ্য) এবং পূর্ববর্তী মিশনে কর্মরত থাকাকালে বিরূপ মন্তব্য পাননি (প্রযোজ্য ক্ষেত্রে)।

মনোনীত সদস্যকে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPU সদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১ এর সকল শর্তাবলি ও সংশ্লিষ্ট সকল বিধিবিধান যথাযথভাবে প্রতিপালনপূর্বক শারীরিক ও ভাষাগত দক্ষতা যাচাইকরত: মনোনীত করা হয়েছে (ইংরেজী ও ফ্রেঞ্চ ভাষায় দক্ষতা-এসআই/সার্জেন্ট ও ইন্সপেক্টর হতে তদূর্ধ্ব ক্ষেত্রে প্রযোজ্য)। তিনি উচ্চ রক্তচাপ, হৃদরোগ, হার্নিয়া, নাক-কান-গলার রোগ, এইচআইভি (HIV), হেপাটাইটিস-বি, ডায়াবেটিস, Sexually Transmitted Disease (Venereal Disease)সহ সকল প্রকার সংক্রামক রোগমুক্ত এবং তিনি কোন প্রকার মাদক বা নেশা জাতীয় ওষুধ/দ্রব্যে আসক্ত নন।

আমি তার সর্বাঙ্গীন সাফল্য কামনা করি।

(ইউনিট প্রধান/প্রত্যয়নকারী কর্মকর্তা)
স্বাক্ষরঃ........................................
নামঃ.............................................
বিপিঃ............................................
পদবীঃ...........................................
ঠিকানাঃ ........................................
ফোনঃ.............................................
ই-মেইলঃ ......................................

সংযুক্তি-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইউনিটের নামঃ..........
ইউনিটের ঠিকানাঃ .........
ওয়েব সাইটঃ..............

প্রত্যয়ন পত্র
(ট্রেড কোটা)

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, নামঃ........................., বিপিঃ......................, পদবী, ........................, ট্রেডের নামঃ.............................., ইউনিটঃ.................. এর বিরুদ্ধে কোন বিভাগীয়/ফৌজদারী সংক্রান্ত মামলা চলমান/তদন্তাধীন/ প্রক্রিয়াধীন নেই কিংবা চাকুরী জীবনে তিনি কখনো গুরুদণ্ড প্রাপ্ত হননি বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধে সাজাপ্রাপ্ত হননি।

এছাড়া, তিনি কখনো International Human Rights Law/International Humanitarian Law ভঙ্গ করেননি বা ভঙ্গের অভিযোগে সাজাপ্রাপ্ত হননি। ইতোপূর্বে FPUমিশনে গমন করেননি (ভেহিক্যাল মেকানিক, অটো-ইলেক্ট্রিশিয়ান, এপিসি ড্রাইভার, রেকার ড্রাইভার, ফর্কলিফ্ট ড্রাইভার ও অ্যাম্বুলেন্স মেডিক ট্রেডের ক্ষেত্রে এ শর্ত শিথিলযোগ্য) এবং পূর্ববর্তী মিশনে কর্মরত থাকাকালে বিরূপ মন্তব্য পাননি (প্রযোজ্য ক্ষেত্রে)। তিনি ভেহিক্যাল মেকানিক, অটো-ইলেক্ট্রিশিয়ান, এপিসি ড্রাইভার, রেকার ড্রাইভার, ফর্কলিফ্ট ড্রাইভার ও অ্যাম্বুলেন্স মেডিক ট্রেড কোটায় FPU সদস্য হিসেবে ..........সালে .......................মিশনে কর্মরত ছিলেন।

মনোনীত সদস্যকে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPUসদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১ এর সকল শর্তাবলি ও সংশ্লিষ্ট সকল বিধিবিধান যথাযথভাবে প্রতিপালনপূর্বক শারীরিক উপযুক্ততা ও সংশ্লিষ্ট ট্রেডের দক্ষতা যাচাইকরতঃ মনোনীত করা হয়েছে। তিনি উচ্চ রক্তচাপ, হৃদরোগ, হার্নিয়া, দৃষ্টিশক্তি, নাক-কান-গলার রোগ, এইচআইভি (HIV), হেপাটাইটিস-বি, ডায়াবেটিস ও Sexually Transmitted Disease (Venereal Disease) সহ সকল প্রকার সংক্রামক রোগ মুক্ত এবং তিনি কোন প্রকার মাদক বা নেশা জাতীয় ওষুধ/দ্রব্যে আসক্ত নন। মনোনীত সদস্য দৈহিক গড়ন, সুস্থ, সাহসী, চৌকস, প্রতিকূল ও সংঘাতপূর্ণ পরিস্থিতিতে দায়িত্ব পালনে সক্ষম।

আমি তার সর্বাঙ্গীন সাফল্য কামনা করি।



(ইউনিট প্রধান/প্রত্যয়নকারী কর্মকর্তা)
স্বাক্ষরঃ......................................
নামঃ..........................................
বিপিঃ.........................................
পদবীঃ........................................
ঠিকানাঃ ......................................
ফোনঃ.........................................
ই-মেইলঃ ...................................

C:\Users\PHQ-UN\Desktop\GS\ Circular 2026.docx

# GSF FPU-2026 মিশনের জন্য ইউনিট অনুযায়ী নির্ধারিত সংখ্যা (সাধারণ কোটা)

## জনবলের আনুপাতিক হারে নির্ধারিত কোটা

| ক্রমিক নং | ইউনিট | এএসআই () | | নায়েক | | কনষ্টেবল | | সর্বমোট | | সর্বমোট (পুরুষ/নারী) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| ১ | পুলিশ হেডকোয়ার্টার্স | ২ | ০ | ২ | ০ | ৫ | ১ | ৯ | ১ | ১০ |
| ২ | ডিএমপি, ঢাকা | ৩০ | ৮ | ২৫ | ৫ | ৮৫ | ২৯ | ১৪০ | ৪২ | ১৮২ |
| ৩ | সিএমপি, চট্টগ্রাম | ৫ | ১ | ৩ | ১ | ১৬ | ৬ | ২৪ | ৮ | ৩২ |
| ৪ | কেএমপি, খুলনা | ২ | ০ | ২ | ০ | ১০ | ২ | ১৪ | ২ | ১৬ |
| ৫ | আরএমপি, রাজশাহী | ২ | ০ | ২ | ০ | ৮ | ২ | ১২ | ২ | ১৪ |
| ৬ | বিএমপি, বরিশাল | ১ | ০ | ১ | ০ | ৫ | ১ | ৭ | ১ | ৮ |
| ৭ | এসএমপি, সিলেট | ৩ | ০ | ২ | ০ | ৬ | ১ | ১১ | ১ | ১২ |
| ৮ | গাজীপুর মেট্রো | ১ | ০ | ১ | ০ | ৫ | ১ | ৭ | ১ | ৮ |
| ৯ | রংপর মেট্রো | ১ | ০ | ১ | ০ | ৩ | ১ | ৫ | ১ | ৬ |
| ১০ | ঢাকা রেঞ্জ | ২০ | ৫ | ৯ | ২ | ৫০ | ১০ | ৭৯ | ১৭ | ৯৬ |
| ১১ | চট্টগ্রাম রেঞ্জ | ২০ | ৫ | ৯ | ২ | ৫৬ | ১০ | ৮৫ | ১৭ | ১০২ |
| ১২ | খুলনা রেঞ্জ | ৮ | ১ | ৬ | ১ | ৫০ | ১০ | ৬৪ | ১২ | ৭৬ |
| ১৩ | রাজশাহী রেঞ্জ | ৭ | ১ | ৬ | ১ | ৩৭ | ১০ | ৫০ | ১২ | ৬২ |
| ১৪ | বরিশাল রেঞ্জ | ৫ | ১ | ৪ | ১ | ২১ | ৬ | ৩০ | ৮ | ৩৮ |
| ১৫ | সিলেট রেঞ্জ | ৪ | ১ | ৩ | ১ | ২০ | ৫ | ২৭ | ৭ | ৩৪ |
| ১৬ | রংপুর রেঞ্জ | ৬ | ১ | ৪ | ২ | ২৯ | ৮ | ৩৯ | ১১ | ৫০ |
| ১৭ | ময়মনসিংহ রেঞ্জ | ৩ | ১ | ২ | ১ | ১৮ | ৫ | ২৩ | ৭ | ৩০ |
| ১৮ | এসবি | ২ | ১ | ১ | ০ | ১২ | ৪ | ১৫ | ৫ | ২০ |
| ১৯ | সিআইডি | ২ | ০ | ১ | ০ | ৬ | ১ | ৯ | ১ | ১০ |
| ২০ | পিবিআই | ১ | ০ | ১ | ০ | ৪ | ০ | ৬ | ০ | ৬ |
| ২১ | এপিবিএন | ১০ | ৪ | ৬ | ২ | ৩৩ | ৫ | ৪৯ | ১১ | ৬০ |
| ২২ | এসপিবিএন | ১ | ০ | ১ | ০ | ৪ | ০ | ৬ | ০ | ৬ |
| ২৩ | র‍্যাব | ৫ | ০ | ১ | ০ | ১৩ | ০ | ১৯ | ০ | ১৯ |
| ২৪ | হাইওয়ে পুলিশ | ৪ | ০ | ১ | ০ | ৮ | ৩ | ১৩ | ৩ | ১৬ |
| ২৫ | ইন্ডাষ্ট্রিয়াল পুলিশ | ২ | ০ | ১ | ০ | ১২ | ৩ | ১৫ | ৩ | ১৮ |
| ২৬ | পুলিশ টিএন্ডআইএম | ২ | ০ | ২ | ০ | ৭ | ১ | ১১ | ১ | ১২ |
| ২৭ | রেলওয়ে পুলিশ | ১ | ০ | ১ | ০ | ৮ | ২ | ১০ | ২ | ১২ |
| ২৮ | ট্যুরিষ্ট পুলিশ | ১ | ০ | ১ | ০ | ৩ | ১ | ৫ | ১ | ৬ |
| ২৯ | নৌ পুলিশ | ১ | ০ | ১ | ০ | ৬ | ১ | ৮ | ১ | ৯ |
| ৩০ | পুলিশ স্টাফ কলেজ | ১ | ০ | ১ | ০ | ১ | ০ | ৩ | ০ | ৩ |
| ৩১ | বিপিএ, সারদা | ১ | ০ | ১ | ০ | ১ | ০ | ৩ | ০ | ৩ |
| ৩২ | পিটিসি, টাংগাইল | ১ | ০ | ১ | ০ | ১ | ০ | ৩ | ০ | ৩ |
| ৩৩ | পিটিসি, রংপুর | ১ | ০ | ১ | ০ | ১ | ০ | ৩ | ০ | ৩ |
| ৩৪ | পিটিসি, নোয়াখালী | ১ | ০ | ১ | ০ | ১ | ০ | ৩ | ০ | ৩ |
| ৩৫ | পিটিসি, খুলনা | ১ | ০ | ১ | ০ | ১ | ০ | ৩ | ০ | ৩ |
| ৩৬ | টিডিএস, ঢাকা | ১ | ০ | ১ | ০ | ১ | ০ | ৩ | ০ | ৩ |
| ৩৭ | এন্টি টেরিজম ইউনিট | ১ | ০ | ১ | ০ | ১ | ০ | ৩ | ০ | ৩ |
| ৩৮ | পুলিশ হাসপাতাল | ১ | ০ | ১ | ০ | ১ | ০ | ৩ | ০ | ৩ |
| ৩৯ | পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি | ১ | ০ | ১ | ০ | ১ | ০ | ৩ | ০ | ৩ |
| ৪০ | এমআরটি, পুলিশ | ১ | ০ | ১ | ০ | ৩ | ০ | ৫ | ০ | ৫ |
| সর্বমোট | | ১৬৩ | ৩০ | ১১১ | ১৯ | ৫৫৩ | ১২৯ | ৮২৭ | ১৭৮ | ১০০৫ |

## GSF FPU-2026 মিশনের জন্য ২৬০জন অনুযায়ী নির্ধারিত সংখ্যা (ট্রেড কোটা)

### জনবলের আনুপাতিক হারে নির্ধারিত কোটা

| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইউনিটের নাম | ড্রাইভার (হালকা) | ড্রাইভার (ভারী) | ড্রাইভার (এপিসি) | ড্রাইভার (রেকার) | ড্রাইভার (ফর্ক লিফট) | ড্রাইভার (ওয়াটার ক্যানন) | অপারেটর (ওয়াটার ক্যানন) | ড্রাইভার (গার্বেজ/সুয়ারেজ ট্রাক) | অপারেটর (গার্বেজ/সুয়ারেজ ট্রাক) | অপারেটর (ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট) | অপারেটর (রেফ্রিজারেটর/কন্টেইনার) | অপারেটর (ইলেক্ট্রিশিয়ান/জেনারেটর) | নার্সিং অর্ডালি (পুরুঃ) | নার্সিং অর্ডালি (নারী) | অ্যাম্বুলেন্স মেডিক | ভেহিক্যাল মেকানিক | অটো ইলেক্ট্রিশিয়ান | টেলিকম টেকনিশিয়ান | মাই মেকানিক | কম্পিউটার অপারেটর | হিসাব সহকারী | ইমাম | কার্পেন্টার | প্লাম্বার | আরমোরার | টেইলর | বারবার | কুক/বাবুর্চী | এনসিই/ঝাড়ুদার | সর্বমোট |
| ১ | পুলিশ হেডকোয়ার্টার্স | ১ | ১ | | | | | ১ | | | ১ | | | | | | ১ | | | | ১ | | | | | | | | | | ৬ |
| ২ | ডিএমপি, ঢাকা | ১০ | ১৪ | ১২ | ৮ | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ২ | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | | | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ২ | ২ | ২ | ২ | ১০৮ |
| ৩ | সিএমপি, চট্টগ্রাম | ২ | ২ | ২ | ১ | ১ | ১ | ১ | ৩ | ৩ | | | | | | | ১ | ১ | | | ১ | | ১ | | ১ | | ১ | | ১ | ১ | ২৪ |
| ৪ | কেএমপি, খুলনা | ১ | ১ | ১ | | | | | | | | | ১ | ১ | | | | | | | | ১ | | ১ | | ১ | | | | | ৮ |
| ৫ | আরএমপি, রাজশাহী | ১ | ১ | ১ | | | | | | | | | ১ | | | | | | | | ১ | | ১ | | ১ | ১ | | | | | ৮ |
| ৬ | বিএমপি, বরিশাল | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | | | ১ | | ১ | | | | | | | ৪ |
| ৭ | এসএমপি, সিলেট | ১ | ১ | ১ | | | | | | | | | ১ | | | | | | | | | | | | | | ১ | ১ | ১ | ১ | ৮ |
| ৮ | গাজীপুর মেট্রো | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | | ১ | | | | | | | ১ | | | ৪ |
| ৯ | রংপুর মেট্রো | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | | ১ | | | | | | | | | ১ | ৪ |
| ১০ | ঢাকা রেঞ্জ | ৬ | ৮ | ৮ | ৩ | ২ | ২ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ২ | ২ | | | ২ | ২ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ২ | ২ | ৫৬ |
| ১১ | চট্টগ্রাম রেঞ্জ | ৬ | ৮ | ৮ | ৩ | ২ | ২ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ২ | ২ | | | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১ | ১ | ৬০ |
| ১২ | খুলনা রেঞ্জ | ৪ | ৬ | ৬ | ২ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | | ২ | ২ | ১ | ১ | ১ | ২ | ১ | ১ | ১ | ১ | ৪৪ |
| ১৩ | রাজশাহী রেঞ্জ | ৩ | ৫ | ৩ | ২ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ৩৬ |
| ১৪ | বরিশাল রেঞ্জ | ২ | ৩ | ২ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | | | | | | | ১ | ১ | | ১ | | | | ১ | ১ | ১ | ২২ |
| ১৫ | সিলেট রেঞ্জ | ২ | ৩ | ১ | ১ | ১ | | | | | | | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ | ১ | ১ | | ১ | ১ | | ২০ |
| ১৬ | রংপুর রেঞ্জ | ২ | ৩ | ২ | ১ | ১ | | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ৩০ |
| ১৭ | ময়মনসিংহ রেঞ্জ | ১ | ৩ | ১ | ১ | | | | | | | | ১ | | | | ১ | ১ | | | | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১৮ |
| ১৮ | এসবি | ২ | ৩ | | | | | | | | ১ | ১ | ১ | | | | ১ | ১ | | | | | ১ | | | | | | ১ | | ১২ |
| ১৯ | সিআইডি | ১ | ২ | | | | | | | | ১ | ১ | | | | | | | | | ১ | | | | | | | | | | ৬ |
| ২০ | পিবিআই | ১ | ১ | | | | | | | | | | ১ | | | | | | | | | | | | | ১ | | | | | ৪ |
| ২১ | এপিবিএন | ৮ | ১০ | ২ | ১ | ১ | ১ | | | | ১ | | ১ | | | | ১ | ১ | | | | | | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ৩৪ |
| ২২ | এসপিবিএন | ১ | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | | | | | ১ | | | | | | ৪ |
| ২৩ | র‍্যাব | ৩ | ৪ | ১ | | | | | | | | | | | | | | | | | | ১ | ১ | | | | | | | | ১০ |
| ২৪ | হাইওয়ে পুলিশ | ২ | ৪ | ১ | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | ১ | ১০ |
| ২৫ | ইন্ডাষ্ট্রিয়াল পুলিশ | ৩ | ৩ | ১ | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | | | | ১ | ১ | ১ | | | ১২ |
| ২৬ | টিএন্ডআইএম | | | | | | | | | | | | | | | | | | ৬ | ৬ | | | ১ | | | | | | ১ | ১ | ১৫ |
| ২৭ | রেলওয়ে পুলিশ | ২ | ২ | | | | | | | | ১ | ১ | | | | | | | | | | | | | | ১ | | | | ১ | ৮ |
| ২৮ | ট্যুরিষ্ট পুলিশ | ১ | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | ১ | | | | | | | | | | ৪ |
| ২৯ | নৌ পুলিশ | ১ | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | | | | ১ | ১ | ১ | | | | | ৬ |
| ৩০ | পুলিশ স্টাফ কলেজ | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | ১ | | ৩ |
| ৩১ | বিপিএ, সারদা | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | ১ | ৩ |
| ৩২ | পিটিসি, টাংগাইল | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | ২ |
| ৩৩ | পিটিসি, রংপুর | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | ২ |
| ৩৪ | পিটিসি, নোয়াখালী | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | ২ |
| ৩৫ | পিটিসি, খুলনা | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | ২ |
| ৩৬ | টিডিএস, ঢাকা | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | ২ |
| ৩৭ | এন্টি টেরিজম ইউনিট | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | ২ |
| ৩৮ | পুলিশ হাসপাতাল | ১ | ১ | | | | | | | | | | | ৮ | ৮ | ৩ | | | | | | | | | | | | | | | ২১ |
| ৩৯ | পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | ২ |
| ৪০ | এমআরটি, পুলিশ | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | ২ |
| | মোট | ৮১ | ১০৫ | ৫৬ | ২৬ | ১৬ | ১২ | ১১ | ১২ | ১২ | ১৩ | ১২ | ১৭ | ১৮ | ১৭ | ১২ | ১৬ | ১৫ | ৬ | ৬ | ১৯ | ১৬ | ১৬ | ১৬ | ১৬ | ১৯ | ১৩ | ১৫ | ১৭ | ১৮ | ৬২৮ |

Special Trade for Specific Unit Quata Yellow Color

১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
www.police.gov.bd

অতীব জরুরি

স্মারক নং- ৪৪.০১.০০০০.০৩৯.১১.০১১.২১-১১৮৯ তারিখঃ- ১২ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ / ২৬ জুন ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPU সদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১ সংশোধন সংশোধন প্রসঙ্গে

জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPU সদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১ এর ক্রমিক-৪ সাধারণ নির্দেশাবলী (General Instruction) এর ক্রমিক-৪.৪ নিম্নোক্তভাবে সংশোধন/অন্তর্ভুক্ত করা হলো-

৪.৪। সাব-ইন্সপেক্টর/সার্জেন্ট হতে ইন্সপেক্টর পদমর্যাদার কর্মকর্তাগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে রেঞ্জ/ইউনিটের প্রধানের নিকট আবেদন প্রেরণ করবেন। রেঞ্জ ডিআইজি/মেট্রোপলিটন/বিশেষায়িত পুলিশ ইউনিট/পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক গঠিত কমিটি নিম্নোক্ত সিলেবাস অনুসারে যোগ্যতা যাচাই করবেন। গঠিত কমিটি কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ সকল পরীক্ষার্থীগণের তালিকা প্রাপ্ত নম্বরসহ পুলিশ হেডকোয়ার্টার্সে প্রেরণ করবেন।

(ক) শারীরিক যোগ্যতাঃ

| শারীরিক উপযুক্ততা যাচাই পরীক্ষা |
|---|
| প্রার্থীদের শারীরিক যোগ্যতা নির্ণয়ের লক্ষ্যে কমিটি নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করবে-<br>(ক) স্ট্যান্ডার্ড চার্ট অনুসারে উচ্চতা অনুযায়ী ওজন সঠিক আছে কিনা তা যাচাই করতে হবে;<br>(খ) ৪০ বছর অনুর্ধ্ব পুরুষ ইন্সপেক্টর (নিরস্ত্র/সশস্ত্র/শঃ ও যাঃ)/এসআই(নিঃ)/সার্জেন্ট পদমর্যাদার পুলিশ সদস্যদের ১২ মিনিটে ২ কিঃ মিঃ এবং ৪০ বছর উর্ধ্বদের ৬ মিনিটে ১ কিঃমিঃ পথ অতিক্রম করতে হবে;<br>(গ) ৪০ বছর অনুর্ধ্ব নারী ইন্সপেক্টর (নিরস্ত্র/সশস্ত্র/শঃ ও যাঃ)/এসআই(নিঃ)/সার্জেন্ট পদমর্যাদার পুলিশ সদস্যদের ৭ মিনিটে ১ কিঃ মিঃ এবং ৪০ বছর উর্ধ্বদের ৮ মিনিটে ১ কিঃমিঃ পথ অতিক্রম করতে হবে;<br>(ঘ) উক্ত পরীক্ষা গ্রহণকালে সার্বক্ষণিক একজন মেডিকেল অফিসারের উপস্থিতি নিশ্চিত করতে হবে। |

(খ) ভাষাগত দক্ষতা ও মৌখিক পরীক্ষা:

| ক্রমিক | বিষয় | পূর্ণমান |
|---|---|---|
| ১। | English (Paragraph writting -5, Translation-5) –নিরস্ত্র/সশস্ত্র/শহর ও যানবাহন (সকল) | ১০ |
| ২। | French (Paragraph writting -5, Translation-5)[এসআই(সশস্ত্র)/ইন্সপেক্টর(সশস্ত্র)- ব্যতীত] | ১০ |
| ৩। | পুলিশ বাহিনীর দায়িত্ব ও কর্তব্য, সাংগঠনিক কাঠামো, ইন্সপেক্টর/এসআই/সার্জেন্টএর দায়িত্ব ও কর্তব্য, গৃহ/গাড়ী/দেহ তল্লাশী, গ্রেফতারের কৌশল, সেন্ট্রি ডিউটি, অস্ত্রাগারের ডিউটি, পাবলিক অর্ডার ম্যানেজমেন্ট, নির্বাচন ডিউটি, Close Protection Duty, হ্যান্ডকাফিং, চেকপোস্ট, VIP Duty, পেট্রোল ডিউটি, এস্কর্ট ডিউটি (পার্সোনেল ও কনভয়), ভেহিক্যাল কন্ট্রোল, গার্ড ডিউটি, হোস্টেজ উদ্ধার ও নেগোসিয়েশন ইত্যাদি (ছোট প্রশ্ন ও বর্ণনামূলক প্রশ্ন অথবা উভয়)-নিরস্ত্র/সশস্ত্র/শহর ও যানবাহন (সকল) | ৫ |
| ৪। | মৌখিক পরীক্ষা-নিরস্ত্র/সশস্ত্র/শহর ও যানবাহন (সকল) | ৫ |
| | সময়: ১ঘন্টা | ৩০ |

২। রেঞ্জ ডিআইজিগণ ও ইউনিট প্রধানগণ লিখিত পরীক্ষায় ৫০% নম্বর প্রাপ্ত ও শারীরিক পরীক্ষায় উত্তীর্ণ কর্মকর্তাগণের মনোনয়ন পুলিশ হেডকোয়ার্টার্সে প্রেরণ করবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
তারিখ-২৬/৬/২০২২ খ্রিঃ
ড. বেনজীর আহমেদ বিপিএম (বার)
ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ
বাংলাদেশ

26/6/2022

২

স্মারক নং- ৪৪.০১.০০০০.০৩৯.১১.০১১.২১-৯১৮৯/১(৩১)  তারিখ:- ১২ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ / ২৬ জুন ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা
২। মহাপরিচালক, র‍্যাব, র‍্যাব ফোর্সেস, হেডকোয়ার্টার্স, ঢাকা
৩। অতিরিক্ত আইজি, এসবি, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৪। অতিরিক্ত আইজি, সিআইডি, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৫। অতিরিক্ত আইজি, পুলিশ টেলিকম সংস্থা, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৬। অতিরিক্ত আইজি, হাইওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৭। অতিরিক্ত আইজি, এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৮। রেক্টর, পুলিশ স্টাফ কলেজ, মিরপুর-১৪, ঢাকা
৯। অতিরিক্ত আইজি, রেলওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১০। অতিরিক্ত আইজি, নৌ পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১১। প্রিন্সিপ্যাল, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী
১২। অতিরিক্ত আইজি, পিবিআই, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১৩। অতিরিক্ত আইজি, এপিবিএন, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১৪। অতিরিক্ত আইজি, শিল্পাঞ্চল পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১৫। অতিরিক্ত আইজি, ট্যুরিস্ট পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১৬। পুলিশ কমিশনার, সিএমপি/কেএমপি/আরএমপি/এসএমপি/বিএমপি/গাজীপুর মেট্রোপলিটন পুলিশ/রংপুর মেট্রোপলিটন পুলিশ
১৭। পরিচালক, কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকা
১৮। ডিআইজি, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ রেঞ্জ/এসপিবিএন, বাংলাদেশ পুলিশ
১৯। কমান্ড্যান্ট, ডিটিএস, সিআইডি, ঢাকা/এসবি ট্রেনিং স্কুল, ঢাকা/টিডিএস, মিলব্যারাক, ঢাকা
২০। কমান্ড্যান্ট, পিটিসি টাংগাইল/নোয়াখালী/রংপুর/খুলনা/এপিবিএন এন্ড বিশেষায়িত ট্রেনিং সেন্টার, খাগড়াছড়ি
২১। অতিরিক্ত ডিআইজি (অ্যাডমিনিস্ট্রেশন), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
২২। পুলিশ সুপার (.......................................) (সকল) (হাইওয়ে ও রেলওয়েসহ) জেলা
২৩। অধিনায়ক,.................................... এপিবিএন (সকল)......................
২৪। কমান্ড্যান্ট, আরআরএফ, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/রংপুর
২৫। পরিচালক, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ (সকল)
২৬। পুলিশ সুপার, এসপিবিএন-১/এসপিবিএন-২, ঢাকা
২৭। কমান্ড্যান্ট, পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি
২৮। কমান্ড্যান্ট, ইনসার্ভিস ট্রেনিং সেন্টার(সকল)...................
২৯। এআইজি (মিডিয়া এন্ড পাবলিক রিলেশনস্), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (বার্তাটি বাংলাদেশ পুলিশএর মিডিয়া হাইলাইটস গ্রুপে প্রচার করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)
৩০। এআইজি (আইসিটি-২), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (বার্তাটি সংযুক্ত কাগজপত্রসহ পুলিশ ওয়েবসাইট-এ প্রচার করার জন্য অনুরোধ করা হলো)
৩১। ভারপ্রাপ্ত কর্মকর্তা (অপারেশনস্ কন্ট্রোল রুম), পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (তাকে পত্রটি সংশ্লিষ্ট ইউনিট/কর্মকর্তার নিকট প্রেরণ নিশ্চিতকরত: ডায়েরীভুক্ত করার জন্য অনুরোধ করা হলো)।

২৬/৬/২০২২

(নাসিয়ান ওয়াজেদ, পিপিএম)
বিপি-৭৮০৩০২৭৮১৬
এআইজি (ইউএন অ্যাফেয়ার্স অপারেশনস্), বাংলাদেশ পুলিশ
(অতিরিক্ত ডিআইজি পদে পদোন্নতিপ্রাপ্ত)
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
ই-মেইল: aigunphq@gmail.com

# জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPU সদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ



ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ
বাংলাদেশ

# মুখবন্ধ

জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে তিন দশক ধরে গৌরবোজ্জ্বল ভূমিকা পালন করছে বাংলাদেশ পুলিশ। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের অব্যবহিত পরেই মানব জাতির কল্যাণের লক্ষ্যে বিশ্ব শান্তিরক্ষা ও সহযোগিতার পূর্ণ অভিপ্রায় ব্যক্ত করেন। এরই ধারাবাহিকতায় বিশ্ব শান্তিরক্ষায় জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে অংশগ্রহণ আজ আমাদের সাংবিধানিক দায়িত্ব। বাংলাদেশ পুলিশ ১৯৮৯ সাল হতে জাতিসংঘের আকাশ-নীল পতাকার পাশে আমাদের লাল-সবুজ পতাকা উড়িয়ে চলেছে হাইতি থেকে পূর্ব তিমুর এবং শ্লোভেনিয়া থেকে নামিবিয়া পর্যন্ত। আমাদের জাতীয় সংগীত আজ ধ্বনিত হচ্ছে ভিন্ন ভিন্ন মহাদেশের প্রান্তরে-লোকালয়ে। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে শান্তি ও নিরাপত্তার ম্যান্ডেট বাস্তবায়নে বাংলাদেশ পুলিশের পেশাদারিত্ব এবং কর্মদক্ষতা আন্তর্জাতিক পরিমন্ডলে অত্যন্ত প্রশংসিত।

জাতিসংঘ শান্তিরক্ষা মিশনের ম্যান্ডেট বাস্তবায়নে বাংলাদেশ পুলিশের পেশাদারিত্ব এবং কর্মদক্ষতা আন্তর্জাতিক পরিমন্ডলে আজ রোলমডেল। তিন দশকের পথ চলায় শুরু থেকেই বাংলাদেশ পুলিশের শান্তিরক্ষীরা সকল বৈষম্যের উর্ধ্বে উঠে পেশাদারিত্ব ও নিষ্ঠার সাথে শান্তি ও মানবতার সেবায় যুদ্ধবিধ্বস্ত ও সংঘাতপূর্ণ এলাকায় কাজ করে যাচ্ছে। পরিবর্তিত বৈশ্বিক পরিস্থিতিতে জাতিসংঘ কর্তৃক শান্তিরক্ষা কার্যক্রম Peacekeeping এর পাশাপাশি Peace building এর প্রতি গুরুত্বারোপ করা হচ্ছে। বিশ্বশান্তি ও নিরাপত্তা নিশ্চিত করতে শান্তিরক্ষীদের ও অনেক নতুন নতুন চ্যালেঞ্জের সম্মুখীন হতে হচ্ছে। উপরন্তু পৃথিবীর সকল প্রান্ত থেকে যোগ্য, দক্ষ এবং চৌকস শান্তিরক্ষী আহরণের লক্ষ্যে জাতিসংঘ সদর দপ্তর কর্তৃক সময়োপযোগী বিভিন্ন কার্যক্রম, প্রশিক্ষণ এবং নির্দেশিকা জারি করছে। ফলে পরিবর্তিত প্রেক্ষাপটে শান্তিরক্ষী প্রেরণের জন্য জাতিসংঘ সদস্য রাষ্ট্রগুলোর মধ্যে যোগ্যতা, মেধা, জেন্ডার ভারসাম্য এবং ভৌগলিক অবস্থানসহ নানাবিধ মানদণ্ডে নিজেদের অবস্থানকে সমুন্নত রাখার প্রতিযোগিতা রয়েছে। জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশ পুলিশের Formed Police Unit (FPU) যুদ্ধবিধ্বস্ত আটটি দেশে অত্যন্ত সুনামের সাথে কাজ করে বিশ্ব দরবারে বাংলাদেশ পুলিশ তথা বাংলাদেশের ভাবমূর্তিকে আরো উজ্জ্বল করেছে। বাংলাদেশ পুলিশের অর্জিত এ সুনাম এবং সাফল্য অব্যাহত রাখতে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ পুলিশের Formed Police Unit (FPU) এ প্রেরণের জন্য দক্ষ, পেশাদার, অভিজ্ঞতাসম্পন্ন চৌকস যোগ্য পুলিশ কর্মকর্তা ও সদস্য নির্বাচন করা অপরিহার্য। সেই নিরিখে FPU সদস্য বাছাই নির্দেশিকা ২০১৭ প্রয়োজনীয় সংশোধন-সংযোজন-বিয়োজন এবং পরিমার্জনপূর্বক **'জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPU সদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১'** প্রণয়ন করা হলো। শান্তিরক্ষা মিশন Formed Police Unit (FPU) এর জন্য পুলিশ সদস্যের মনোয়ন এবং নির্বাচনের ক্ষেত্রে বাংলাদেশ পুলিশের সকল ইউনিট এ নির্দেশিকা আবশ্যিকভাবে প্রতিপালন করবে।

**'জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPU সদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১'** বাংলাদেশ পুলিশের দক্ষ, পেশাদার ও চৌকস সদস্যদের নির্বাচন এবং জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে বাংলাদেশের ভাবমূর্তি সুসংহত রাখতে সহায়ক হবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

ড. বেনজীর আহমেদ বিপিএম (বার)

## সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ১. লক্ষ্য | ১ |
| ২. পরিধি | ১ |
| ৩. যৌক্তিকতা | ১ |
| ৪. সাধারণ নির্দেশনাবলী | ১-৩ |
| ৫. আবেদন সংক্রান্ত নির্দেশনা | ৩-৪ |
| ৬. পুরুষ Command Staff নির্বাচন (সহকারী পুলিশ সুপার হতে তদূর্ধ্ব কর্মকর্তা) | ৪ |
| ৭. নারী Command Staff নির্বাচন (সহকারী পুলিশ সুপার হতে পুলিশ সুপার)<br>নারী কমান্ডার মনোনয়ন<br>নারী অতিরিক্ত পুলিশ সুপার মনোনয়ন<br>নারী সহকারী পুলিশ সুপার মনোনয়ন | ৪-৫ |
| ৮. মেডিকেল অফিসার নির্বাচন | ৫-৬ |
| ৯. সাধারণ সদস্য (কনস্টবল হতে ইন্সপেক্টর-নারী ও পুরুষ) এর যোগ্যতা<br>সাধারণ পুরুষ সদস্যদের যোগ্যতা (কনস্টবল হতে ইন্সপেক্টর)<br>সাধারণ নারী সদস্যদের যোগ্যতা (কনস্টবল হতে ইন্সপেক্টর) | ৬-৭ |
| ১০. সকল ট্রেড সদস্যদের (নারী ও পুরুষ) যোগ্যতা | ৭-১৩ |
| ১১. সাধারণ (কনস্টবল হতে ইন্সপেক্টর-নারী ও পুরুষ) এবং ট্রেড সদস্য নির্বাচন প্রক্রিয়া | ১৩ |
| ১২. জেলা পর্যায়ে নির্বাচন প্রক্রিয়া-জেলা সিলেকশন কমিটি, কর্মপরিধি এবং পরীক্ষা গ্রহণ প্রক্রিয়া<br>শারীরিক উপযুক্ততা যাচাই (সাধারণ সদস্য- কনস্টবল হতে এএসআই-নারী ও পুরুষ)<br>লিখিত পরীক্ষা (সাধারণ সদস্য কনস্টবল হতে এএসআই-নারী ও পুরুষ)<br>আর্মস হ্যান্ডলিং দক্ষতা যাচাই পরীক্ষা (সাধারণ সদস্য কনস্টবল হতে এএসআই-নারী ও পুরুষ)<br>ট্রেড সদস্য (নারী ও পুরুষ) নির্বাচনের পরীক্ষা পদ্ধতি- শারীরিক উপযুক্ততা যাচাই ও ট্রেড সংশ্লিষ্ট পরীক্ষা | ১৩-১৫ |
| ১৩. রেঞ্জ পর্যায়ে নির্বাচন প্রক্রিয়া-সিলেকশন কমিটি, কর্মপরিধি এবং পরীক্ষা গ্রহণ প্রক্রিয়া<br>শারীরিক উপযুক্ততা যাচাই (সাধারণ সদস্য-কনস্টবল হতে এএসআই-নারী ও পুরুষ)<br>লিখিত পরীক্ষা (সাধারণ সদস্য কনস্টবল হতে এএসআই-নারী ও পুরুষ)<br>আর্মস হ্যান্ডলিং দক্ষতা যাচাই পরীক্ষা (সাধারণ সদস্য কনস্টবল হতে এএসআই-নারী ও পুরুষ)<br>ট্রেড সদস্য (নারী ও পুরুষ) নির্বাচনের পরীক্ষা পদ্ধতি- শারীরিক উপযুক্ততা যাচাই ও ট্রেড সংশ্লিষ্ট পরীক্ষা | ১৬-১৮ |
| ১৪. মেট্রোপলিটন, বিশেষায়িত পুলিশ ইউনিট এবং পুলিশ হেডকোয়ার্টার্স পর্যায়ে নির্বাচন প্রক্রিয়া-সিলেকশন কমিটি, কর্মপরিধি এবং পরীক্ষা গ্রহণ প্রক্রিয়া<br>শারীরিক উপযুক্ততা যাচাই (সাধারণ সদস্য- কনস্টবল হতে এএসআই-নারী ও পুরুষ)<br>লিখিত পরীক্ষা (সাধারণ সদস্য কনস্টবল হতে এএসআই-নারী ও পুরুষ)<br>আর্মস হ্যান্ডলিং দক্ষতা যাচাই পরীক্ষা (সাধারণ সদস্য কনস্টবল হতে এএসআই-নারী ও পুরুষ) | ১৮-২১ |

## সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| আর্মস হ্যান্ডলিং দক্ষতা যাচাই পরীক্ষা (সাধারণ সদস্য কনস্টবল হতে এএসআই-নারী ও পুরুষ) | |
| ট্রেড সদস্য (নারী ও পুরুষ) নির্বাচনের পরীক্ষা পদ্ধতি- শারীরিক উপযুক্ততা যাচাই ও ট্রেড সংশ্লিষ্ট পরীক্ষা | |
| ১৫. কেন্দ্রীয় নির্বাচন প্রক্রিয়া | ২১-২৫ |
| পুলিশ হেডকোয়ার্টার্স কেন্দ্রীয় সিলেকশন বোর্ড, কর্মপরিধি এবং পরীক্ষা গ্রহণ প্রক্রিয়া | |
| শারীরিক উপযুক্ততা যাচাই (সাধারণ সদস্য-কনস্টবল হতে এএসআই-নারী ও পুরুষ) | |
| লিখিত পরীক্ষা (সাধারণ সদস্য কনস্টবল হতে এএসআই-নারী ও পুরুষ) | |
| আর্মস হ্যান্ডলিং দক্ষতা যাচাই পরীক্ষা (সাধারণ সদস্য কনস্টবল হতে এএসআই-নারী ও পুরুষ) | |
| শারীরিক উপযুক্ততা যাচাই (ইন্সপেক্টর (নিঃ/শঃ ও যাঃ)/এসআই(নিঃ)/সার্জেন্ট-নারী ও পুরুষ) | |
| লিখিত পরীক্ষা (ইন্সপেক্টর (নিঃ/শঃ ও যাঃ)/এসআই (নিঃ)/সার্জেন্ট-নারী ও পুরুষ) | |
| আর্মস হ্যান্ডলিং দক্ষতা যাচাই পরীক্ষা (ইন্সপেক্টর (নিঃ/শঃ ও যাঃ)/এসআই(নিঃ)/ সার্জেন্ট-নারী ও পুরুষ) | |
| শারীরিক উপযুক্ততা যাচাই ও লিখিত পরীক্ষা-(ইন্সপেক্টর (সশস্ত্র)/এসআই(সশস্ত্র)-নারী ও পুরুষ) | |
| আর্মস হ্যান্ডলিং দক্ষতা যাচাই পরীক্ষা-(ইন্সপেক্টর (সশস্ত্র)/এসআই(সশস্ত্র)-নারী ও পুরুষ) | |
| ১৬. কেন্দ্রীয় ভাবে ট্রেড সদস্য (নারী ও পুরুষ) নির্বাচনের পরীক্ষা পদ্ধতি | ২৬-২৭ |
| ট্রেড সদস্যদের শারীরিক উপযুক্ততা যাচাই ও ট্রেড সংশ্লিষ্ট পরীক্ষা | |
| ট্রেড সদস্যদের আর্মস হ্যান্ডেলিং দক্ষতা যাচাই পরীক্ষা | |
| ১৭. প্রাথমিকভাবে FPU সদস্য নির্বাচন সংক্রান্ত নির্দেশনা | ২৭-২৮ |
| ১৮. স্বাস্থ্য পরীক্ষা | ২৮ |
| ১৯. Pre-deployment Training | ২৮ |
| ২০. পর্যবেক্ষণ ও প্রতিপালন | ২৯ |
| ২১. ইতিবৃত্ত | ২৯ |
| ২২. এখতিয়ার | ২৯ |
| Appendix-A | |



## জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPU সদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১

**১। লক্ষ্য (Purpose)**

জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে মোতায়েন এর জন্য বাংলাদেশ পুলিশের **Formed Police Unit (FPU)** এর সদস্য নির্বাচনের লক্ষ্যে এ নির্দেশিকা প্রণয়ন করা হল। এ নির্দেশিকা বাংলাদেশ পুলিশ এর **"জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPU সদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১"** নামে অভিহিত হবে।

**২। পরিধি (Scope)**

(১) জাতিসংঘ শান্তিরক্ষা মিশনের জন্য FPU সদস্য নির্বাচন এর ক্ষেত্রে এ নির্দেশিকা প্রযোজ্য হবে। FPU সদস্য নির্বাচন এর জন্য এ নির্দেশিকা প্রতিপালন বাধ্যতামূলক।

(২) জাতিসংঘ শান্তিরক্ষা মিশনের জন্য Individual Police Officer (IPO) সদস্য নির্বাচন ও মনোনয়ন এর ক্ষেত্রে এই নির্দেশিকা প্রযোজ্য হবে না।

**৩। যৌক্তিকতা (Rationale)**

(১) জাতিসংঘ শান্তিরক্ষা মিশনের জন্য স্বচ্ছ ও প্রতিযোগিতামূলক উপায়ে দক্ষ ও উপযুক্ত পুলিশ সদস্য নির্বাচন ও মোতায়েন।

(২) জাতিসংঘ শান্তিরক্ষা মিশনের সদস্য বাছাইয়ে জাতিসংঘের Standard Operating Procedures (SOP) ও অন্যান্য প্রাসঙ্গিক নির্দেশাবলীর সাথে এ নির্দেশিকা অনুসৃত হবে।

**৪। সাধারণ নির্দেশনাবলী (General Instructions)**

৪.১ প্রতি বছর জাতিসংঘ শান্তিরক্ষা মিশন **Formed Police Unit (FPU)** এ প্রেরণের জন্য সকল ইউনিট হতে পুলিশ সদস্যদের মনোনয়ন এবং দরখাস্ত আহবান করা হবে। মোট চাহিদার বিপরীতে পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক সকল ইউনিট হতে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ সদস্যদের মনোনয়ন প্রেরণের জন্য সার্কুলার প্রদান করা হবে। প্রতি বছর মোট চাহিদার বিপরীতে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ সদস্য FPU মিশনে প্রেরণের জন্য নির্বাচন করে প্যানেলভুক্ত করা হবে;

৪.২ পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক জারিকৃত সার্কুলারের পরিপ্রেক্ষিতে পুলিশ সুপার, অতিরিক্ত পুলিশ সুপার এবং সহকারী পুলিশ সুপারগণ কর্তৃপক্ষের মাধ্যমে সরাসরি পুলিশ হেডকোয়ার্টার্সে আবেদন প্রেরণ করবেন। পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক নির্ধারিত পরীক্ষা গ্রহণপূর্বক মিশনে প্রেরণের জন্য উপযুক্ত কর্মকর্তা নির্বাচন করতে হবে;

৪.৩ কনস্টবল হতে এএসআই পদমর্যাদার সাধারণ ও বিভিন্ন ট্রেডে প্রাথমিক মনোনয়নের জন্য পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক ইউনিট ভিত্তিক কোটা নির্ধারণ করা হবে এবং ইউনিট কর্তৃক প্রাথমিক বাছাই পরীক্ষা গ্রহণপূর্বক উপযুক্ত পুলিশ সদস্যগণের নামীয় তালিকা পুলিশ হেডকোয়ার্টার্সে প্রেরণ করবে;

৪.৪ সাব-ইন্সপেক্টর হতে তদূর্ধ্ব কর্মকর্তাগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সরাসরি পুলিশ হেডকোয়ার্টার্স এ আবেদন প্রেরণ করতে হবে;

৪.৫ ইউনিট সমূহ হতে প্রাথমিকভাবে নির্বাচিত ও প্রযোজ্য ক্ষেত্রে সরাসরি আবেদনকৃত পুলিশ সদস্যদের পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;

৪.৬ পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ এবং মেধাক্রমের ভিত্তিতে সিলেকশন বোর্ড কর্তৃক সুপারিশকৃত প্রার্থীদের জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে প্রাথমিক মনোনয়নের নিমিত্তে প্যানেলভুক্ত করা হবে;

৪.৭ কোন পুলিশ সদস্যের বিরুদ্ধে বিভাগীয়/ফৌজদারী মামলা চলমান/তদন্তাধীন/ প্রক্রিয়াধীন থাকলে কিংবা চাকুরী জীবনে তিনি কখনো গুরুদণ্ড প্রাপ্ত হলে বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধের দায়ে সাজাপ্রাপ্ত হলে বা International Human Rights Law অথবা International Humanitarian Law ভঙ্গের অভিযোগ থাকলে বা ইতোপূর্বে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে কোন বিরূপ মন্তব্য থাকলে বা মিশনে শৃঙ্খলা ভঙ্গের জন্য শাস্তি প্রাপ্ত হলে বা জাতিসংঘ সদর দপ্তর/পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক মিশনে গমন হতে বারিত করা হয়েছে সে সকল পুলিশ কর্মকর্তা/সদস্যদের মনোনীত করা যাবে না;

৪.৮ ইউনিট প্রধান কর্তৃক মনোনীত সদস্যদের জন্য পৃথকভাবে বিভাগীয়/ফৌজদারী মামলা চলমান/তদন্তাধীন/ প্রক্রিয়াধীন নেই কিংবা চাকুরী জীবনে তিনি কখনো গুরুদণ্ড প্রাপ্ত হননি বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধের দায়ে সাজাপ্রাপ্ত হননি এবং International Human Rights Law অথবা International Humanitarian Law ভঙ্গ করার অপরাধের সাথে জড়িত ছিলেন না মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। ;

৪.৯ ইন্সপেক্টর হতে তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তাগণ বর্তমান পদে কর্মরত থাকাকালীন লঘুদন্ড প্রাপ্ত হলে তৎপরবর্তী ২ বছরের মধ্যে মিশনে গমনের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না এবং এরূপ কর্মকর্তাগণের মনোনয়ন ইউনিট হতে প্রেরণ করা যাবে না;

৪.১০ সুঠাম দৈহিক গড়ন, সুস্থ, সাহসী, চৌকস এবং প্রতিকূল ও সংঘাতপূর্ণ পরিস্থিতিতে দায়িত্ব পালনে সক্ষম এমন সদস্যদের মনোনীত করতে হবে;

৪.১১ কোন পুলিশ সদস্যকে একাধিকবার FPU মিশনে প্রেরণ করা যাবে না। তবে সহকারী পুলিশ সুপার হতে তদূর্ধ্ব কর্মকর্তা, মেডিকেল অফিসার, সাব-ইন্সপেক্টর হতে তদূর্ধ্ব নারী পুলিশ কর্মকর্তা, ভেহিক্যাল মেকানিক, অটো-ইলেকট্রিশিয়ান, এপিসি ড্রাইভার, রেকার ড্রাইভার, ফর্কলিফট ড্রাইভার ও অ্যাম্বুল্যান্স মেডিক ট্রেডের ক্ষেত্রে এ শর্ত শিথিলযোগ্য;

৪.১২ ট্রেড সদস্যদের ক্ষেত্রে কনস্টেবল/নায়েক/এএসআই পদমর্যাদার সদস্যদের মনোনীত করতে হবে;

৪.১৩ ট্রেড কোটার সকল সদস্যকে নির্ধারিত লাইসেন্স, সার্টিফিকেট এবং অভিজ্ঞতার সনদ পত্র দাখিল করতে হবে। আবেদনের সময় সকল ড্রাইভারের ড্রাইভিং লাইসেন্সের মেয়াদ ন্যূনতম তিন বছর থাকতে হবে;

৪.১৪ প্রাথমিকভাবে নির্বাচিত সদস্যদের রক্তচাপ, হার্ট, হারনিয়া, দৃষ্টিশক্তি, এইচআইভি, হেপাটাইটিস-বি, ডায়াবেটিস, ডোপ টেস্ট ও Sexually Transmitted Disease (Venereal Disease) ইত্যাদি পরীক্ষা সম্পন্ন করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় অনুপযুক্ত (Unfit) কোন পুলিশ সদস্য বা নন- পুলিশ সদস্য/সিভিল স্টাফ মিশনে গমন করতে পারবে না;

৪.১৫ কেন্দ্রীয় পুলিশ হাসাতাল, রাজারবাগ, ঢাকা কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করা হবে। কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকার স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন চূড়ান্ত বলে গণ্য হবে এবং কোন ক্ষেত্রেই পুনঃস্বাস্থ্য পরীক্ষার আবেদন বিবেচনা করা হবে না;

৪.১৬ প্রাথমিকভাবে নির্বাচিত প্রত্যেক পুলিশ সদস্যকে অবশ্যই সাফল্যের সাথে Pre-deployment প্রশিক্ষণ সম্পন্ন এবং জাতিসংঘ সদর দপ্তর হতে প্রেরিত Formed Poilice Unit Assessment Team (FPAT) কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। FPAT কর্তৃক গৃহীত পরীক্ষায় অকৃতকার্য হলে মনোনয়ন বাতিল হবে। ;

৪.১৭ সকল ইউনিট কর্তৃক জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPU সদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১ যথাযথভাবে প্রতিপালন করতে হবে। এ নির্দেশিকার বিদ্যমান নির্দেশনা, যোগ্যতা ও অভিজ্ঞতা ব্যতীত কোন সদস্যের মনোনয়ন পুলিশ হেডকোয়ার্টার্সে প্রেরণ করা যাবে না।

৫। আবেদন সংক্রান্ত নির্দেশনা

৫.১ পুলিশ হেডকোয়ার্টার্স হতে FPU মিশনের জন্য সাধারন ও ট্রেড কোটায় সদস্য নির্বাচনের পত্র প্রাপ্তির পর নিজ নিজ ইউনিট/রেঞ্জাধীন জেলাসমূহে সার্কুলারের মাধ্যমে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করবেন। সরাসরি কোন আবেদন ইউএন অ্যাফেয়ার্স অপারেশনস্ শাখা, পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক গ্রহণ করা হবে না। ইউনিট প্রধান তথা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ব্যতীত পুলিশ হেডকোয়ার্টার্সে প্রেরিত সকল আবেদন বাতিল বলে গণ্য হবে;

৫.২ নিজ নিজ ইউনিট/রেঞ্জাধীন জেলাসমূহে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত তারিখের মধ্যে প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই করতঃ নির্ধারিত শর্তাবলী (চাকুরীকাল, বয়স, শৃঙ্খলাজনিত বিষয়, যোগ্যতা) পর্যালোচনা করে আবেদনকারী পুলিশ সদস্যগণের শারীরিক, লিখিত এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করতে হবে;

৫.৩ Physical Fitness (শারীরিক উপযুক্ততা) পরীক্ষা গ্রহণ করতে হবে এবং শারীরিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ করতে হবে;

৫.৪ মেধাতালিকা অনুসারে উপযুক্ত পুলিশ সদস্যগণের নামীয় তালিকা জেলা হতে রেঞ্জ অফিসে এবং রেঞ্জ/মেট্রোপলিটন পুলিশ/বিশেষায়িত পুলিশ ইউনিট/পুলিশ হেডকোয়ার্টার্স (অ্যাডমিনিস্ট্রেশন শাখা) সমূহ চাহিদা অনুসারে ইউএন অ্যাফেয়ার্স অপারেশনস্ শাখা, পুলিশ হেডকোয়ার্টার্সে প্রেরণ করবে;

৫.৫ রেঞ্জ/মেট্রোপলিটন পুলিশ/বিশেষায়িত পুলিশ ইউনিট সমূহ হতে প্রাপ্ত নামীয় তালিকা অনুসারে পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক গঠিত পরীক্ষা কমিটি সমূহ চূড়ান্ত পরীক্ষা গ্রহণপূর্বক উপযুক্ত প্রার্থীদের নামীয় তালিকা সুপারিশসহ কেন্দ্রীয় সিলেকশন বোর্ড এর নিকট প্রেরণ করবে।

**৬। পুরুষ Command Staff নির্বাচন (সহকারী পুলিশ সুপার হতে তদূর্ধ্ব কর্মকর্তা)**

৬.১ ন্যূনতম চাকুরীকাল ৫ বছর হতে হবে;

৬.২ Command Staff হিসাবে FPU এ আবেদনের বয়সসীমা আবেদনপত্র গ্রহণের শেষ তারিখে অনূর্ধ্ব ৫৩ বছর;

৬.৩ English/French/Mission Language-এ দক্ষতা যাচাইয়ের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;

৬.৪ লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ কর্মকর্তাদের তালিকা হতে মেধাক্রম অনুযায়ী পর্যায়ক্রমে FPU এর জন্য Command Staff নির্বাচন করা হবে;

৬.৫ FPU এর জন্য Command Staff মনোনয়ন এর ক্ষেত্রে Mission Host Country Language এ পারদর্শী কর্মকর্তাদের অগ্রাধিকার প্রদান করা হবে;

৬.৬ পুলিশ সুপার, অতিরিক্ত পুলিশ সুপার এবং সহকারী পুলিশ সুপার পদমর্যাদার কর্মকর্তাগণের নিম্নে বর্ণিত ছক মোতাবেক লিখিত পরীক্ষা পুলিশ হেডকোয়ার্টার্সে কেন্দ্রীয়ভাবে গ্রহণ করতে হবে

| পদমর্যাদা | বিষয় | পূর্ণমান |
|---|---|---|
| পুলিশ সুপার, অতিরিক্ত পুলিশ সুপার এবং সহকারী পুলিশ সুপার | Combined Language Assessment: French / Arabic / Mission Language | ২০ |
| | Combined Language Assessment: English | ২০ |
| | Operational Interview (French & English) | ৫ |
| | Computer skill | ৫ |
| | | ৫০ |

**৭। নারী Command Staff নির্বাচন (সহকারী পুলিশ সুপার হতে পুলিশ সুপার)**

**৭.১ নারী কমান্ডার মনোনয়ন**

FPU এর কমান্ডার হিসাবে নিযুক্তির জন্য নারী পুলিশ সুপারদের একটি তালিকা প্রণয়ন করা হবে এবং জ্যেষ্ঠতার ভিত্তিতে উক্ত তালিকা হতে কমান্ডার মনোনয়ন প্রদান করা হবে। যে সকল নারী পুলিশ সুপারগণ ইতোপূর্বে FPU সদস্য হিসাবে শান্তিরক্ষা মিশনে গমন করেন নাই তাদের আবশ্যিকভাবে মনোনয়ন প্রদান করা হবে। এ ক্ষেত্রে নারী পুলিশ সুপার পাওয়া না গেলে ইতোপূর্বে পূর্ববর্তী র‍্যাংকে FPU এ অংশগ্রহণকারী নারী পুলিশ সুপারগণের তালিকা হতে নারী কমান্ডার নির্বাচন করা যাবে;

### ৭.২ নারী অতিরিক্ত পুলিশ সুপার মনোনয়ন

নারী অতিরিক্ত পুলিশ সুপারদের তালিকা হতে জ্যেষ্ঠতার ভিত্তিতে FPU এর জন্য নারী অতিরিক্ত পুলিশ সুপার মনোনয়ন প্রদান করা হবে। যে সকল নারী অতিরিক্ত পুলিশ সুপারগণ ইতোপূর্বে FPU এ অংশগ্রহণ করেন নাই তাদের আবশ্যিকভাবে মনোনয়ন প্রদান করা হবে। এ ক্ষেত্রে নারী অতিরিক্ত পুলিশ সুপার পাওয়া না গেলে ইতোপূর্বে পূর্ববর্তী র‍্যাংকে FPU সম্পন্নকারী নারী অতিরিক্ত পুলিশ সুপারদের মনোনয়ন প্রদান করা যাবে;

### ৭.৩ নারী সহকারী পুলিশ সুপার মনোনয়ন

নারী সহকারী পুলিশ সুপারদের তালিকা হতে জ্যেষ্ঠতার ভিত্তিতে আবশ্যিকভাবে FPU এর জন্য নারী সহকারী পুলিশ সুপার মনোনয়ন প্রদান করা যাবে;

৭.৪ ইউএন অ্যাফেয়ার্স অপারেশনস্ শাখা FPU তে প্রেরণের জন্য নারী Command Staff নির্বাচনের লক্ষ্যে প্রতিবছর সেপ্টেম্বর/অক্টোবর মাসে জ্যেষ্ঠতার ভিত্তিতে নারী সহকারী পুলিশ সুপার হতে পুলিশ সুপার পদমর্যাদার কর্মকর্তাদের একটি তালিকা তৈরি করবে। যে সকল নারী কর্মকর্তা ইতোপূর্বে Individual Police Officer (IPO) হিসাবে মিশনে গমন করেছেন তারাও এই তালিকায় অন্তর্ভুক্ত হবেন। উক্ত তালিকা হতে পরবর্তী বছর FPU এ প্রেরণের জন্য প্রয়োজনীয় সংখ্যক নারী পুলিশ কর্মকর্তা মনোনয়ন প্রদান করা হবে;

৭.৫ Pre-deployment প্রশিক্ষণ আরম্ভ হবার ন্যূনতম ৩ (তিন) মাস পূর্বে মনোনীত নারী পুলিশ কর্মকর্তাদের মিশনে মনোনয়নের বিষয়ে অবহিত করা হবে;

৭.৬ যে সকল কর্মকর্তা এ সিদ্ধান্ত অমান্য বা ব্যত্যয়ের জন্য চাতুর্য বা অন্য কোন অনৈতিক পন্থা অবলম্বন করবেন তাদের পরবর্তী পাঁচ বছর সরকারি খরচে কোন ধরনের বিদেশ ভ্রমণ/ প্রশিক্ষণ/ সেমিনার/ লিয়েনসহ সকল ক্ষেত্রে আবেদন বিবেচনা/ মনোনীত করা হবে না;

৭.৭ অন্তঃসত্ত্বা অথবা যে সকল নারী পুলিশ কর্মকর্তাদের সন্তানের বয়স ২ (দুই) বছর পূর্ণ হয়নি তাদের ক্ষেত্রে এই নির্দেশনা প্রযোজ্য হবে না;

৭.৮ নারী কর্মকর্তাদের স্বাস্থ্য পরীক্ষার সময় অবশ্যই নারী মেডিকেল অফিসার অথবা নারী পুলিশ কর্মকর্তা উপস্থিত থাকবেন।

## ৮। মেডিকেল অফিসার নির্বাচন

৮.১ পুলিশ হাসপাতালে কর্মরত আগ্রহী মেডিকেল অফিসার ও স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক প্রাথমিকভাবে মনোনীত মেডিকেল অফিসারদের সমন্বয়ে প্রয়োজনীয় সংখ্যক মেডিকেল অফিসার এর একটি পুল গঠন করা হবে;

৮.২ পুলভুক্ত মেডিকেল অফিসারদের সাক্ষাৎকার গ্রহণপূর্বক উপযুক্তদের প্যানেল তৈরি করা হবে এবং উক্ত প্যানেল হতে পর্যায়ক্রমে বিভিন্ন মিশনের জন্য মেডিকেল অফিসার মনোনয়ন প্রদান করা হবে;

৮.৩ Mission Language এ পারদর্শী ও পুলিশ হাসপাতালে কর্মরত মেডিকেল অফিসারদের মনোনয়নে অগ্রাধিকার প্রদান করা হবে;

৮.৪ মেডিকেল অফিসারদের অবশ্যই United Nations Division of Healthcare Management and Occupational Safety and Health Standard Operating Procedure (SOP) মোতাবেক যোগ্যতাসম্পন্ন হতে হবে।

**৯। সাধারণ সদস্য (কনস্টবল হতে ইন্সপেক্টর-নারী ও পুরুষ) এর যোগ্যতা**

**৯.১ সাধারণ সদস্যের যোগ্যতা (পুরুষ কনস্টবল হতে পুরুষ ইন্সপেক্টর)**

| ক্রমিক | পদবী | বয়স অনূর্ধ্ব (বছর) | ন্যূনতম চাকুরীকাল (বছর) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | কনস্টবল | ৪৫ | ৭ | ■ English/French/Mission Language এ দক্ষতা থাকতে হবে;<br>■ চৌকস, সাহসী, সুঠাম দেহের অধিকারী সুস্থ এবং প্রতিকূল পরিবেশে কাজ করতে সক্ষম পরিশ্রমী নিষ্ঠাসম্পন্ন এবং অপারেশনাল কাজে দক্ষ ও পেশাদার সদস্যদের মনোনীত করতে হবে;<br>■ এএসআই(নিঃ)/এএসআই(সঃ)/এটিএসআই থেকে তদুর্ধ্ব পদে SLC কোর্স সম্পন্ন/ SWAT/ CRT ট্রেনিংপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া যেতে পারে;<br>■ Outstanding Performance এর জন্য আইজি'জ এক্সাম্পলারি গুড সার্ভিস ব্যাজ ও পদক প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ২। | নায়েক | ৪৫ | ৭ | |
| ৩। | এএসআই(নিঃ/সঃ)/ এটিএসআই | ৫০ | ৭ | |
| ৪। | এসআই (নিঃ/সঃ)/ সার্জেন্ট/টিএসআই | ৫০ | ৭ | |
| ৫। | ইন্সপেক্টর (নিঃ/সঃ/ শহর ও যানবাহন) | ৫৩ | ১০ | |